

হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর উপজেলাধীন তফসিল "ক" তে বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ইজারা প্রদানের লক্ষে হাট-বাজার ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ "খ" তফসিলে বর্ণিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ (১) জেলা প্রশাসক,পাবনা মহোদয় কার্যালয়ের স্থানীয় সরকার শাখা (২) পুলিশ সুপারের কার্যালয়, পাবনা (৩) সহকারী কমিশনার (ভূমি), ফরিদপুর,পাবনা (৪) অফিসার ইনচার্জ,ফরিদপুর থানা,পাবনা ও (৫) সোনালী ব্যাংক লিমি, বনওয়ারীনগর শাখা,পাবনা'র কার্যালয় সমূহে (সরকারী ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে নগদ মূল্যে (অফেরত যোগ্য) ক্রয় ও দাখিল করা যাবে এবং একই দিন তফসিল "খ"তে বর্ণিত সময়ে উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হবে। উল্লেখ্য যে, প্রথম বারের টেন্ডারের সন্তোষজনক দর পাওয়া না গেলে কাক্সিত দর না পাওয়া পর্যন্ত "খ" তফসিলে বর্ণিত পঞ্জিকায় উল্লিখিত তারিখ সমূহে পর্যায়ক্রমে ইজারা কার্যক্রম পরিচালিত হবে। হাট-বাজারের যে কোন পর্যায়ের দরপত্র দাখিলের দিন সম্ভাব্য মূল্য পাওয়া গেলে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত পরবর্তী পর্যায়ের দরপত্র সিডিউল বিক্রয় হবে না। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

তফসিল-ক

ক্রমিক নং	হাট-বাজারের নাম	সরকারি সম্ভাব্য মূল্য (টাকা)	সিডিউলের মূল্য (টাকা)
১	হাড়িয়াবাড়ী এরশাদনগর হাট-বাজার	২,৬০,২৪২/-	১,২০০/-
২	দিঘুলিয়া হাট-বাজার	৩,১৩,৮৩২/-	১,৪০০/-
৩	নারায়ণপুর হাট-বাজার	৪৬,০৭২/-	৫০০/-
৪	ধানুয়াঘাটা হাট-বাজার	৫৪,৪১৫/-	৫০০/-
৫	আয়েনগঞ্জ হাট-বাজার	৩০,০৩৫/-	৫০০/-
৬	মঙ্গলগ্রাম হাট-বাজার	৬,০০৮/-	৫০০/-
৭	ভেমরা হাট-বাজার	১৩,৬৮,৯৯০/-	৩,৪০০/-

তফসিল-খ

পর্যায়	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়
প্রথম পর্যায়	২৫.০২.২০২৫ খ্রিঃ বিকাল ৫-০০ টা	২৬.০২.২০২৫ খ্রিঃ সকাল ১০-০০ হতে বেলা ১-০০ টা।	২৬.০২.২০২৫ খ্রিঃ বেলা ৩-০০ টা।
দ্বিতীয় পর্যায়	০৯.০৩.২০২৫ খ্রিঃ বিকাল ৫-০০ টা	১০.০৩.২০২৫ খ্রিঃ সকাল ১০-০০ হতে বেলা ১-০০ টা।	১০.০৩.২০২৫ খ্রিঃ বেলা ৩-০০ টা।
তৃতীয় পর্যায়	২৪.০৩.২০২৫ খ্রিঃ বিকাল ৫-০০ টা	২৫.০৩.২০২৫ খ্রিঃ সকাল ১০-০০ হতে বেলা ১-০০ টা।	২৫.০৩.২০২৫ খ্রিঃ বেলা ৩-০০ টা।
চতুর্থ পর্যায়	০৯.০৪.২০২৫ খ্রিঃ বিকাল ৫-০০ টা	১০.০৪.২০২৫ খ্রিঃ সকাল ১০-০০ হতে বেলা ১-০০ টা।	১০.০৪.২০২৫ খ্রিঃ বেলা ৩-০০ টা।

শর্তাবলী :

- ১। বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
- ২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,ফরিদপুর,পাবনা'র অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত-হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবর প্রত্যাপন করা হবে।
- ৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর ও ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে অন্যথায় হাট-বাজারের জন্য জামানতকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

- ৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি সম্ভাব্য মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয় বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি সম্ভাব্য মূল্য অপেক্ষা কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্ক্ষিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।
- ৫। এক বাজারের জন্য ক্রমকৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচার করবেন।
- ৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ৯। ইজারাদার কোন ক্রেমই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভাট ও আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেকর্ডের সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি ও লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরৎ প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষর

(মাহবুব হাসান)

উপজেলা নির্বাহী অফিসার

ফরিদপুর, পাবনা।

মোবাইল নং-০১৩৩২-৮৫৩৪১৫

ই-মেইল: unofandpurpabna@mopa.gov.bd

২৮ মার্চ ১৪৩১

তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৫

স্মারক নং: ১৪৩১.৭৬৩৩.০০০.৩৫.০০৯.২৩.১৫১(৫০)

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে-

- ১। জেলা প্রশাসক, পাবনা।
- ২। পুলিশ সুপার, পাবনা।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
- ৫। প্রশাসক, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা।
- ৬। জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্যঃ
- ৭। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), পাবনা।
- ৮। সহকারী কমিশনার (ভূমি), ফরিদপুর, পাবনা।
- ০৯। প্রশাসক, ফরিদপুর পৌরসভা, পাবনা।
- ১০। উপজেলা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
- ১১। ব্যবস্থাপক, ব্যাংক লিঃ শাখা, ফরিদপুর, পাবনা।
- ১২। প্রশাসক/চেয়ারম্যান/সচিব, ইউপি (সকল), ফরিদপুর, পাবনা। তাঁকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, ফরিদপুর, পাবনা। তাঁকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। সনাব, (বাংলা ১৪৩১ বাংলা সনের ইজারাদার) হাট-বাজার ফরিদপুর, পাবনা।
- ১৫। (সকল), ফরিদপুর, পাবনা।
- ১৬। নোটিশ বোর্ড।

স্বাক্ষর

(মাহবুব হাসান)

উপজেলা নির্বাহী অফিসার

ফরিদপুর, পাবনা।

স্বাক্ষর